গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লাকসাম, কুমিল্লা

স্মারক নম্বর-০৫.৪২.১৯৭২.০১০.০০.০১৫.২৩- তারিখ ১৭ মাঘ ১৪২৯ / ৩১ জানুয়ারি ২০২৩

## হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, লাকসাম উপজেলাধীন নিম্ন তফসিল বর্ণিত হাট-বাজারসমূহ ১৪৩০ বাংলা সনের ০১ বৈশাখ ১৪৩০ হতে ৩০ চৈত্র ১৪৩০ বাংলা পর্যন্ত ০১(এক) বৎসরের জন্য অস্থায়ী ইজারা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত সময়সূচি ও শর্ত সাপেক্ষে ইচ্ছুক দরদাতাদের নিকট হতে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লাকসাম এবং সহকারী কমিশনার(ভূমি) এর কার্যালয়, লাকসাম এর রক্ষিত দরপত্র বাক্সে নিম্নলিখিত সময়সূচি মোতাবেক গ্রহণ করা হবে। ঐ দিনই বেলা ৩.০০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

দরপত্র সংক্রান্ত সিডিউল, শর্তাবলী ও অন্যান্য কাগজপত্রাদি নির্ধারিত (অফেরতযোগ্য) মূল্যের বিনিময়ে প্রতি কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে জেলাপ্রশাসকের কার্যালয় কুমিল্লা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লাকসাম, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় লাকসাম, ভারপ্রাপ্ত কর্মকর্তা লাকসাম থানা ও ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, দৌলতগঞ্জ শাখা হতে ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র বিক্রয় করা হবে না। এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় ও www.laksam.comilla.gov.bd ওয়েবসাইট হতে জানা ও দেখা যাবে।

### তফসিলভূক্ত হাট-বাজার

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | ১৪৩০ বঙ্গাব্দের ধার্যকৃত সরকারী মূল্য (৬% বৃদ্ধিতে) | সিডিউল মূল্য |
|---|---|---|---|
| ০১ | বিজরা তোহা বাজার | ৪৬১৩০০/- | ১৬০০/- |
| ০২ | বিজরা গরু বাজার | ৩৫০৬০০/- | ১৪০০/- |
| ০৩ | আসরা বাজার | ৩২০০/- | ৫০০/- |
| ০৪ | মুদাফরগঞ্জ বাজার | ৪৭৫৩০০/- | ১৬০০/- |
| ০৫ | মাওলানা বাজার | ১৪১৫০০/- | ১০০০/- |
| ০৬ | শান্তির বাজার | ১২৮০০/- | ৫০০/- |
| ০৭ | কালিয়াপুর বাজার | ১৮০০/- | ৫০০/- |
| ০৮ | শ্রীয়াং বাজার | ৩৬১০০/- | ৫০০/- |
| ০৯ | ফুলগাঁও বাজার | ২৮৮০০/- | ৫০০/- |
| ১০ | নরপাটি বাজার | ১৬০৫০/- | ৫০০/- |
| ১১ | জামতলী বাজার | ১৩৪০০/- | ৫০০/- |
| ১২ | আজগরা বাজার | ১৭৫০০/- | ৫০০/- |
| ১৩ | আতাকরা বাজার | ৪৩৫০/- | ৫০০/- |
| ১৪ | ইছাপুরা বাজার | ১২৫০০/- | ৫০০/- |

দরপত্র সিডিউল ক্রয় ও দরপত্র দাখিলের তারিখ এবং দরপত্র খোলার তারিখ ও সময় :

| ১ম বার দরপত্র ফরম ক্রয়ের তারিখ | ১ম বার দরপত্র ফরম দাখিল, খোলার তারিখ ও সময় | ২য় বার দরপত্র ফরম ক্রয়ের তারিখ | ২য় বার দরপত্র ফরম দাখিল, খোলার তারিখ ও সময় | ৩য় বার দরপত্র ফরম ক্রয়ের তারিখ | ৩য় বার দরপত্র ফরম দাখিল, খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|
| ০২/০২/২০২৩খ্রি. হতে ১৫/০২/২০২৩ খ্রি. পর্যন্ত (অফিস চলাকালীন) | ১৬/০২/২০২৩ খ্রি. সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০টা পর্যন্ত খোলার সময় বিকাল ৩.০০টা | ১৯/০২/২০২৩খ্রি. হতে ০৬/৩/২০২৩ খ্রি. পর্যন্ত (অফিস চলাকালীন) | ০৭/০৩/২০২৩ খ্রি. সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০টা পর্যন্ত খোলার সময় বিকাল -৩.০০টা | ০৮/৩/২০২৩খ্রি. হতে ২১/৩/২০২৩ খ্রি. পর্যন্ত (অফিস চলাকালীন) | ২২/০৩/২০২৩ খ্রি. সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০টা পর্যন্ত খোলার সময় বিকাল ৩.০০টা |

### শর্তাবলী

১। বাংলা ১৪৩০ সনের ০১ বৈশাখ হইতে ১৪৩০ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা কার্যকর থাকবে। এখানে উল্লিখিত শর্তাবলী ছাড়াও সরকারি প্রচলিত সকল বিধি বিধান প্রযোজ্য হবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্র উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লাএর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত

থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুণরায় দরপত্র আহবান করা হবে।

৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদারকে নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

৮। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহকৃত খামে দরপত্র দাখিল করতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয়, তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ কার্যদিবসের মধ্যে ৩০০/-টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদারকে নিজ খরচে হাট-বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্ট্রার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপরে লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময় হারাহারিভাবে ইজারা অর্থ কর্তণপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষের কোন কারণ দর্শনোর ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

৩১/০১/২২

(মাহফুজা মতিন)
উপজেলা নির্বাহী অফিসার
লাকসাম, কুমিল্লা
ফোন-০২৩৩৪৪০৭৪০০
unolaksam1@gmail.com

স্মারক নম্বর-০৫.৪২.১৯৭২.০১০.০০.০১৫.২৩- /১(৪৫)

তারিখ ১৭ মাঘ ১৪২৯
৩১ জানুয়ারি ২০২২

১। জনাব মো: তাজুল ইসলাম- এম.পি, কুমিল্লা-০৯ ও মাননীয় মন্ত্রী স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৩। জেলাপ্রশাসক, কুমিল্লা।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
} সদয় অবগতির জন্য।

৭। সহকারী কমিশনার (ভূমি), লাকসাম, কুমিল্লা।
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, লাকসাম থানা।
৯। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, লাকসাম শাখা
} অবগতি ও ১০টি সিডিউল বিক্রয়ের ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো। প্রাপ্ত দরপত্র সমূহ দরপত্র খোলার দিনই ওপেনিং মেমো এবং দরপত্র বিক্রয়ের তালিকা প্রতিবেদনসহ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের মধ্যে যদি প্রাপ্ত দরপত্র প্রেরণ করা না হলে কোন দরপত্র সিডিউল গ্রহণযোগ্য হবে না।

১০। চেয়ারম্যান,------------------------------------ ইউনিয়ন পরিষদ( সংশ্লিষ্ট সকল), লাকসাম, কুমিল্লা। বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো।
১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, .................... ইউনিয়ন ভূমি অফিস, লাকসাম তাকে বিজ্ঞপ্তিটি ঢোল সহরত সহ ব্যাপক প্রচার করতঃ প্রতিবেদন ০৯/০২/২০২৩খ্রি. তারিখের মধ্যে অত্রাফিসে দাখিল করার জন্য বলা হলো।
১২। সম্পাদক......................... পত্রিকায়, আগামী.........................তারিখে একদিনের জন্য দৈনিক/সাপ্তাহিক পত্রিকায় ক্ষুদ্র আকারে প্রকাশের জন্য এবং প্রকাশিত পত্রিকার তিন কপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১২। জনাব ........ ..........................প্রাক্তন ইজারাদার .......................................বাজার, লাকসাম, কুমিল্লা।
১৩। নোটিশ বোর্ড।

উপজেলা নির্বাহী অফিসার
লাকসাম, কুমিল্লা।